গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পারফিউশনিস্টের সংকট মোকাবেলায় জরুরী ভিত্তিতে প্রশিক্ষণ কোর্স চালু করণ প্রসংগে।

সভাপতি : মো: সিরাজুল ইসলাম
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ : ২৪/০৫/২০১৭ খ্রি:।
সময় : বেলা ১০.৩০ টা।
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে সন্নিবেশিত রয়েছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কার্ডিয়াক সার্জারীর ক্ষেত্রে "পারফিউশনিস্ট" এর গুরুত্ব ব্যাখ্যা করে সভাপতি স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক, মেডিকেল শিক্ষা, চিকিৎসা ও জনশক্তিকে পারফিউশনিস্টের সংকট মোকাবেলায় চট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃক প্রস্তাবিত কোর্স সম্পর্কে তার মতামত উপস্থাপনের জন্য আহবান জানান।

২। পরিচালক, মেডিকেল শিক্ষা, চিকিৎসা ও জনশক্তি জানান যে, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক প্রস্তাবিত এক বছর মেয়াদী ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজি কোর্সটি অত্যন্ত প্রয়োজনীয় এবং যুগোপযোগী। তবে কোর্সটি চালু করার পূর্বে এটি যে কোন বিশ্ববিদ্যালয় থেকে অনুমোদন গ্রহন প্রয়োজন। তিনি সভাকে এই মর্মে অবহিত করেন যে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনকে পারফিউশন বিষয়ক মেডিকেল টেকনোলজিস্টস তৈরীর জন্যে তিন বছর মেয়াদী একটি কোর্স সম্প্রতি অনুমোদন দেয়া হয়েছে।

৩। চট্টগ্রাম মেডিকেল কলেজের কার্ডিয়াক সার্জারীর বিভাগীয় প্রধান ডাঃ নাজমুল হোসেন প্রস্তাবিত এক বছর মেয়াদী ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজী এবং ৬ মাসব্যাপী কার্ডিয়াক সার্জারীতে সম্পৃক্ত নার্সদের জন্য পারফিউশন বিষয়ক নিবিড় প্রশিক্ষণ কর্মসূচী বিষয়ক প্রস্তাবনার বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন। দেশে, বিশেষত সরকারী খাতে বিদ্যমান পারফিউশনিস্টস এর তীব্র সংকটের বিষয় উল্লেখ করে তিনি সভাকে জানান যে দ্রুত ব্যবস্থা গ্রহন না করা হলে কেবলমাত্র পারফিউশনিস্টের অভাবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল সহ অন্যান্য হাসপাতালে এ বছর কার্ডিয়াক সার্জারী চালুর পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হবে না।বর্তমানে প্রস্তাবিত প্রশিক্ষণ কর্মচারীর ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের ইন সার্ভিস ট্রেইনিং খাত থেকে বরাদ্দ প্রদানের জন্য তিনি পরিচালক মেডিকেল এডুকেশন, DGHS এর প্রতি অনুরোধ জানান।

৪। সভায় উপস্থিত সকলে এই মর্মে অভিমত ব্যক্ত করেন যে পারফিউশনের মতো জটিল ও সংবেদনশীল একটি দায়িত্ব সম্পাদনের জন্য এসএসসি পাশ মেডিকেল টেকনোলজিস্টগণ যথেষ্ট হবেন না। তারা বড় জোর পূর্ণাঙ্গ পারফিউশনিস্টদের সহকারী হিসেবে কাজ করতে পারবেন। সরকারী প্রতিষ্ঠানের বিদ্যমান নিয়োগবিধি অনুযায়ী এসএসসি পাশ টেকনোলজিস্টগণকে পারফিউশনিস্ট (হার্ট-লাং টেকনিশিয়ান) পদে নিয়োগ প্রদান সম্ভব হবে না। তিন বছর মেয়াদী কোর্স সম্পন্ন করা সময় সাপেক্ষ বিধায় দেশে বিদ্যমান পারফিউশনিস্টের সংকট আশু নিরসনে এ কোর্স যথাযথ হবে না। এমতাবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বিভাগীয় প্রধান কর্তৃক প্রণীত কার্ডিয়াক সার্জারীর সাথে সম্পৃক্ত সিনিয়র স্টাফ নার্সগণকে ৬ মাস ব্যাপী নিবিড় প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে জরুরী ভিত্তিতে পারফিউশনিস্ট হিসেবে প্রস্তুত করার প্রস্তাবকে অবিলম্বে বাস্তবায়ন করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। তদনুযায়ী সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে চট্টগ্রাম, ঢাকা ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত স্টাফ নার্সগণের মধ্য থেকে কার্ডিয়াক সার্জারী বিষয়ে সম্পৃক্ত মোট ১২ জনকে নিয়ে প্রশিক্ষণ কর্মসূচী চালু করার বিষয়ে সুপারিশ করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার মোঃ জালালউদ্দীন জাতীয় স্বার্থে এই কোর্স চালু করার বিষয়ে তার প্রতিষ্ঠানের আগ্রহ এবং সর্বাত্মক সহযোগিতার কথা ব্যক্ত করেন। প্রশিক্ষণ কর্মসূচী চালুর মাধ্যমে স্বল্পমেয়াদী সমাধানের পাশাপাশি দীর্ঘমেয়াদী ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজী কোর্সটি নিয়মিত পরিচালনায় তার প্রতিষ্ঠানের আগ্রহ তিনি পুনর্ব্যক্ত করেন। কোর্সে অংশগ্রহনের জন্যে সতর্কতার সাথে যোগ্য প্রার্থী নির্বাচনের বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন।

৬। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ইসমাইল খান এই প্রশিক্ষণ কর্মসূচীর প্রতি অধিক গুরুত্ব আরোপের প্রয়োজনীয়তা উল্লেখ করে এ কোর্সে অংশগ্রহনকারীদের জন্য যথার্থ প্রণোদনার প্রস্তাব করেন। এ লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে সংশ্লিষ্ট করা এবং কোর্স শেষে প্রদত্ত সার্টিফিকেটে প্রশিক্ষণ পরিচালনাকারী কর্তৃপক্ষের সাথে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষর অন্তর্ভূক্ত করার জন্য তিনি প্রস্তাব করেন। তিনি চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে ভবিষ্যতে ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজী অথবা বিএসসি (পারফিউশন টেকনোলজী) কোর্স চালু করার প্রস্তাব দেন।

৭। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মেডিসিন ফ্যাকাল্টির ডীন এবং চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে প্রস্তাবিত কোর্সটি ইতোমধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পেশ করা হয়েছে এবং তা অনুমোদনের চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তবে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোর্সটি চালু করা সঙ্গত হবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ করতে হবে।

৮। কোন বিশ্ববিদ্যালয়ে কোর্সটি অধিভূক্ত করা হবে সে বিষয়ে ঐক্যমত না হওয়ায় সভাপতি মহোদয় চট্টগ্রাম মেডিকেল কলেজের কার্ডিয়াক সার্জারী বিভাগের বিভাগীয় প্রধানের সাথে আলোচনার মাধ্যমে দ্রুত বিষয়টি নিস্পত্তি করে তার বরাবর প্রস্তাব প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়নকে অনুরোধ করেন।

৯। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

ক) কার্ডিয়াক সার্জারীর অপরিহার্য অঙ্গ পারফিউশনিস্টের বিদ্যমান সংকট মোকাবেলায় দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হবে।

খ) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কার্ডিয়াক সার্জারী বিভাগ কর্তৃক প্রস্তাবিত কার্ডিয়াক সার্জারীতে সম্পৃক্ত নার্সদের জন্য ৬ মাস ব্যাপী পারফিউশন ট্রেইনিং কোর্স অবিলম্বে চালু করা হবে। ঢাকা, স্যার সলিমুল্লাহ ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল থেকে মোট ১২ জন সিনিয়র স্টাফ নার্স প্রথম দফার প্রশিক্ষণে অংশ গ্রহন করবেন। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণ পরিচালনাকারী কর্তৃপক্ষের মতামত গ্রহন করা যৌক্তিক হবে। ৬ মাসের মধ্যে প্রথম তিন মাস চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে তাত্বিক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা হবে। পরবর্তী তিন মাস ঢাকার বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ প্রতিষ্ঠানের কার্ডিয়াক সার্জারী বিভাগের অধীনে যোগদান করবেন।

গ) প্রশিক্ষণ কর্মসূচীটি অতীব গুরুত্বপূর্ণ বিধায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ইন সার্ভিস ট্রেইনিং কর্মসূচীর অধীনে প্রয়োজনীয় অর্থ সংস্থান করা হবে। চট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এতদসংক্রান্ত একটি বাজেট প্রেরণ করবে।

ঘ) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষকে প্রশিক্ষণ কর্মসূচীটি পরিচালনায় স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

ঙ) এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজী কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে চালু করা যুক্তিযুক্ত হবে তা পর্যালোচনাপূর্বক চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) মন্ত্রণালয়কে অবহিত করবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
৮/৬/১৭
(মো: সিরাজুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নং: ৪৫.১৬৮.০১৮.০১.০০.০৬৫.২০১৪(অংশ-১)- ৩৪৫(২৪) তারিখ: ১২/০৬/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০২. ভাইস চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
০৩ ভাইস চ্যান্সেলর, রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭. মহা-পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৯. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. প্রফেসর ডা: ইকবাল আর্সলান, ডীন, বেসিক সাইন্স, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
১৩.অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম।
১৪. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
১৬. ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৭. ডীন, চিকিৎসা অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৮. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সভাপতি/মহাসচিব, বিএমএ, তোপখানা রোড, ঢাকা।
২১. সভাপতি/মহাসচিব, নার্সিং কাউন্সিল, ঢাকা।
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ঢাকা।
২৩. রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ঢাকা।

১২/০৬/২০১৭

(খান মোঃ নূরুল আমীন)
উপ-সচিব
ফোন-৯৫৪০৭৩০
E- mail address: sasme1@mohfw.gov.bd